

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.০৮.০০৪.১২- ৫০

তারিখ: ০৪ মাঘ ১৪৩০
১৮ জানুয়ারি ২০২৪

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন খুলনা জেলার চালনা পৌরসভার মেয়র জনাব সনত কুমার বিশ্বাস-কে চিকিৎসার জন্য ভারত গমনের নিমিত্তে ২১/০১/২০২৪ তারিখ হতে ১৯/০২/২০২৪ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে মোট ৩০ (ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে মঞ্জুর করা হলোঃ

- (ক) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার এবং চালনা পৌরসভার কোন আর্থিক সংশ্লেষ থাকবে না,
- (খ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না,
- (গ) তার বিদেশ ভ্রমণকালীন সময়ে প্যানেল মেয়র-১ চালনা পৌরসভার মেয়রের দায়িত্ব পালন করবেন,
- (ঘ) বিদেশে অবস্থানকালে কোন সভা/সমাবেশে অংশগ্রহণ করে রাষ্ট্রের জন্য হানিকর কোন বক্তব্য প্রদান করা যাবে না,
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে তিনি যথারীতি সরকারকে অবহিত করবেন এবং
- (চ) বিএসআর পার্ট-১ এর Appendix-8 এর বিধি-৩৪ অনুযায়ী অনুমোদিত ছুটি ৩৫(পঁয়ত্রিশ) দিনের মধ্যে ভোগ শুরু করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।



ড. সালমা সিদ্দিকা
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২
E-mail: lgpaura2@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.০৮.০০৪.১২- ৫০/১(৮)

তারিখ: ০৪ মাঘ ১৪৩০
১৮ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জনাব সনত কুমার বিশ্বাস, মেয়র, চালনা পৌরসভা, খুলনা।
- ৭। ১ নং প্যানেল মেয়র, চালনা পৌরসভা, খুলনা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


ড. সালমা সিদ্দিকা
উপসচিব